# বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়, ঢাকা

শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ

নং-প্রকা/শানিব্যউবি-১(২৭)/২০১৫-২০১৬/ ১৫৮(১২৫০) তারিখঃ ১৬-০৮-২০১৫

১। সকল বিভাগীয় মহাব্যবস্থাপক
২। মহাব্যবস্থাপক, স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা
৩। উপ-মহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ
৪। সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক
৫। সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয় ঃ ষ্ট্যাম্প জালিয়াতি রোধকল্পে পূর্বে মুদ্রিত ষ্ট্যাম্প বাতিল/অচল ঘোষনা এবং বিশেষ নিরাপত্তা সম্বলিত ষ্ট্যাম্প সরবরাহ নিশ্চিত করণ প্রসংগে।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অধিশাখা-ষ্ট্যাম্প প্রশাসন, অর্থ মন্ত্রণালয়, ঢাকা'র ১৪ জুলাই, ২০১৫ তারিখের স্মারক নং-০৮.০০.০০০০.০৪০.০০৪.১৫-৬৭ এর প্রতি সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণপূর্বক হুবহু মুদ্রণপূর্বক এতদ্‌সংগে প্রেরণ করা হলো(কপি সংযুক্ত)।

০২। উপরোক্ত পত্রের মাধ্যমে প্রদত্ত নির্দেশনা যথাযথ পরিপালন/অনুসরণের লক্ষ্যে স্থানীয় জেলা প্রশাসকের সাথে জরুরী ভিত্তিতে যোগাযোগপূর্বক আলোচ্য বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা যাচ্ছে। উল্লেখ্য, শাখা/কার্যালয়ে মজুতকৃত ষ্ট্যাম্পসমূহ বাতিল হওয়ার নির্ধারিত তারিখের পূর্বেই ব্যবহার নিশ্চিত করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

০৩। বিষয়টি **অতীব** জরুরী ও গুরুত্বপূর্ণ।

সংযুক্তিঃ বর্ণনামতে। অনুমোদনক্রমে-

১৮.০৮.১৫

(এ,আর,এম আনিস উজজামান)
উপ-মহাব্যবস্থাপক
ফোনঃ ৯৫৭৪০২৫

নং-প্রকা/শানিব্যউবি-১(২৭)/২০১৫-২০১৬/ ১৫৮(১২৫০) তারিখঃ ১৬-০৮-২০১৫

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ-

১। চীফ ষ্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
২। ষ্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়গণের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৩। ষ্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৪। মহাব্যবস্থাপক ও অধ্যক্ষ, স্টাফ কলেজ, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, মিরপুর, ঢাকা।
৫। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
৬। সকল উপ-মহব্যবস্থাপক/সচিব, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৭। উপ-মহব্যবস্থাপক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা। তাঁকে উপরোক্ত পত্রটি ব্যাংকের ওয়েব-সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
৮। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
৯। নথি/মহানথি।

১৮/০৮ ১৫

(মোঃ শাহজাহান)
সহকারী মহাব্যবস্থাপক
ফোনঃ ৯৫৮৭২৩৬

Shajahan-agm-bcbd-A4/M-2

অতি জরুরী
ফ্যাক্স বার্তা

ব্যবস্থাপনা পরিচালকের সচিবালয়
বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
প্রশাসন শাখা-স্ট্যাম্প প্রশাসন
অর্থ মন্ত্রণালয়, ঢাকা
www.ird.portal.gov.bd

নম্বর-০৮.০০.০০০০.০৪০.০০৪.১৫
তারিখ ঃ ৩০ আষাঢ় ১৪২২ বঙ্গাব্দ
১৪ জুলাই ২০১৫ খ্রিষ্টাব্দ

বিষয় ঃ স্ট্যাম্প জালিয়াতি রোধকল্পে পূর্বে মুদ্রিত স্ট্যাম্প বাতিল/অচল ঘোষণা এবং বিশেষ নিরাপত্তা সম্বলিত স্ট্যাম্প সরবরাহ নিশ্চিত করণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, স্ট্যাম্প জালিয়াতি রোধ করে সরকারের রাজস্ব আদায় নিশ্চিত করার স্বার্থে Coated Gummed paper with UV Fibres কাগজে GOB লেখা সম্বলিত এ্যাডহেসিভ, কোর্ট ফি, বিমা স্ট্যাম্প, যানবাহন জরিমানা স্ট্যাম্প, বিশেষ আঠালো স্ট্যাম্প এবং বৈদেশিক (ফরেন বিল) স্ট্যাম্প মুদ্রণপূর্বক তা সকল জেলা ট্রেজারিতে সরবরাহ করা হচ্ছে। সেক্ষেত্রে পূর্বে মুদ্রিত নিরাপত্তাবিহীন স্ট্যাম্প বাতিল/অচল ঘোষনার ক্ষেত্রে সরকার নিম্নরূপ সিদ্ধান্ত গ্রহণ করেছে।

(ক) দি সিকিউরিটি প্রিন্টিং কর্পোরেশন (বাংলাদেশ) লিঃ, গাজীপুর ও ডাক বিভাগের গোডাউনে রক্ষিত পূর্বে মুদ্রিত নিরাপত্তা বিহীন বিশেষ আঠালো স্ট্যাম্প, শেয়ার হস্তান্তর স্ট্যাম্প, বীমা স্ট্যাম্প, বীমা ফি স্ট্যাম্প, বৈদেশিক বিল স্ট্যাম্প, বাংলাদেশ কোর্ট ফি স্ট্যাম্প, যানবাহন জরিমানা স্ট্যাম্প এখন থেকে ডাকা বিভাগ কর্তৃক সরবরাহ বন্ধ থাকবে;

(খ) দেশের সকল ট্রেজারিতে রক্ষিত পূর্বে মুদ্রিত নিরাপত্তা বিহীন উক্ত স্ট্যাম্পসমূহ আগামী ১৫-০৭-২০১৫ তারিখ থেকে ট্রেজারি হতে সরবরাহ বন্ধ থাকবে;

(গ) আগামী ৩১-০৮-২০১৫ তারিখ থেকে উক্ত স্ট্যাম্পসমূহ অচল ঘোষণা করা হবে এবং উক্ত তারিখ থেকে পূর্বে মুদ্রিত স্ট্যাম্পসমূহ অকার্যকর মর্মে গণ্য হবে;

(ঘ) স্ব স্ব সংস্থা/জেলা প্রশাসন/বিভাগ/অভ্যন্তরীণ সম্পদ বিভাগ হতে গঠিত কমিটির মাধ্যমে পূর্বে মুদ্রিত স্ট্যাম্পসমূহ বিনষ্টকরণ কার্যক্রম গ্রহণ করবে;

২। বর্ণিতাবস্থায়, আপনার অধীনস্থ সকল জেলা/সংস্থা/দপ্তরসমূহকে জরুরী ভিত্তিতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত এ বিষয়ে নির্দেশনা প্রদানের জন্য অনুরোধ করা হলো।

১৪/৭/২০১৫
(মোঃ আবদুছ সামাদ আল আজাদ)
উপ-সচিব
ফোনঃ ৯৫৪০২৬৫

১। বিভাগীয় কমিশনার (সকল)..................
২। মহাপরিচালক, ডাক অধিদপ্তর, ঢাকা-১০০০।
৩। ব্যবস্থাপনা পরিচালক, দি সিকিউরিটি প্রিন্টিং কর্পোরেশন (বাংলাদেশ) লিঃ, গাজীপুর।

অনুলিপি ঃ অবগতি ও কার্যার্থে

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ।
২। গভর্ণর, বাংলাদেশ ব্যাংক, ঢাকা।
৩। মহাপরিদর্শক, নিবন্ধন পরিদপ্তর, ঢাকা।
৪। মাননীয় অর্থমন্ত্রীর একান্ত সচিব, অর্থ মন্ত্রণালয়।
৫। সচিব মহোদয়ের একান্ত সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয় ,ঢাকা।